উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট

# বার্ষিক বাজেট
## ২০২২-২০২৩ অর্থ বছর

প্রাকৃতিক সৌন্দর্য্যের লীলাভূমি, প্রকৃতির লীলা নিকেতন, প্রাকৃতিক সম্পদে ভরপুর, বাংলাদেশের উত্তর-পূর্ব প্রান্তে পর্যটকদের পদভারে মুখরিত জাফলং, বিছনাকান্দি, রাতারগুল ও পান্তুমাই মায়াবতী ঝর্ণা সদৃশ্য পর্যটন নগরী নামে খ্যাত গোয়াইন নদীর তীরবর্তী ঐতিহাসিক ০৫ টি পরগণা নিয়ে "গোয়াইনঘাট" থানা গঠিত হয়। ব্রিটিশ কর্তৃক ভারত উপমহাদেশ দখলের দীর্ঘ ৯০ বছর পর ১৮৩৫ সনের ১৬ মার্চ "জৈন্তা রাজ্য" ব্রিটিশের অধিকারে আসে। জৈন্তা রাজ্যের পতনের পর ১৮৩৬ সালে গোয়াইনঘাট সিলেট জেলার কালেক্টরেটের অধীনে ন্যস্ত হয়। এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য ১৯০৮ সালে ব্রিটিশ সরকার গোয়াইনঘাট বাজারে গোয়াইনঘাট থানা স্থাপন করেন। তখন থানাকে পুলিশ স্টেশন বলা হতো। তারপর ক্রমান্বয়ে অন্যান্য প্রশাসনিক অফিস গড়ে উঠে।

১৯৮৩ সনের ১৪ মার্চ গোয়াইনঘাট থানা মান উন্নীত থানায় এবং ১৯৮৩ সনের ১৯ শে জুলাই উপজেলায় রুপান্তরিত হয়। হযরত শাহজালাল ও হযরত শাহরাণ (রঃ) এর পূণ্যভূমি সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলা নিম্নভূমি হওয়ায় বন্যা প্লাবনপ্রবণ এলাকা। এখানকার মানুষ কেবল মাত্র এক ফসলি জমির উপর নির্ভরশীল। প্রায় প্রতি বছরই পাহাড়ী ঢলে বন্যায় কবলিত হয় এ উপজেলা । এখানকার যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন এখনো কাঙ্খিত পর্যায়ে পৌঁছেনি। এক্ষেত্রে প্রকল্প ব্যয়ও অধিক হয়। এ উপজেলায় কোন শিল্প কারখানা গড়ে উঠেনি। ফলে কৃষিই এখানকার মানুষের প্রধান অবলম্বন। তাই আগামী অর্থ বছরে আমাদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন, কৃষি, কৃষকের স্বাস্থ্য ও শিক্ষাকে প্রাধান্য দিয়ে আমাদের অগ্রাধিকার প্রকল্প প্রস্তুত করতে হবে।

থানা পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানটি প্রাতিষ্ঠানিক রুপ লাভ করে ১৯৮২ সালে মান উন্নীত থানা হিসাবে এবং পরবর্তীতে উপজেলা পরিষদ প্রতিষ্ঠার মাধ্যমে। নভেম্বর ১৯৯১ সালে উপজেলা পরিষদের বিলুপ্তি ঘটে এবং তদস্থলে সরকার ১৯৯৩ সালে একটি নির্বাহী আদেশে থানা উন্নয়ন সমন্বয় কমিটি গঠন করেন। এই বিবর্তনের ধারাবাহিকতায় সংসদে আইন দ্বারা বলবৎ হয়ে বর্তমান উপজেলা পরিষদ জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচনের মাধ্যমে আত্মপ্রকাশ করে ২০০৯ সালের জানুয়ারী মাসে। উপজেলা পরিষদ আইন অনুযায়ী পরিষদকে ১৭ টি বিভাগের সমন্বয়ে উন্নয়ন মূলক কাজের দায়িত্ব দেয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের ১২ টি মন্ত্রণালয়ের ১৭ টি বিভাগের উপজেলা পর্যায়ের কর্মের তালিকা উপজেলা পরিষদে হস্তান্তরিত ঘোষিত হয়েছে। পরিষদের সার্বিক কার্যক্রম নির্বাহের জন্য বার্ষিক থোক বরাদ্দ ছাড়াও উপজেলা পরিষদ আইনের ৪র্থ তফসিলে ৮ টি উৎস হতে কর, রেট, ফি ইত্যাদি আরোপ ও আদায়ের ক্ষমতা দেয়া হয়েছে।

উপরোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য বাজেট একটি কর্মকৌশল। জাতীয় সরকারের ন্যায় প্রত্যেক প্রতিষ্ঠানের বাজেট থাকে। প্রতিষ্ঠানের বার্ষিক আয় ব্যয়ের হিসাব সম্বলিত বিবরণী তাতে অন্তর্ভূক্ত থাকে। বিগত ২০-০৬-২০১০ খ্রি. তারিখে উপজেলা পরিষদ বাজেট বিধিমালা ২০১০ জারী করে সরকার প্রত্যেক আর্থিক বৎসর শুরু হওয়ার অন্ততঃ ত্রিশ দিন পূর্বে উপজেলা পরিষদ বাজেট অনুমোদন করার নির্দেশ প্রদান করেন। এই নির্দেশের প্রেক্ষিতে এবং উপজেলার জনগণের সার্বিক উন্নয়নের লক্ষ্য অর্জনের অংশ হিসাবে অদ্য ২৩-০৫-২০২২ খ্রিষ্টাব্দে উপজেলা পরিষদের বিশেষ সভায় আমি উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট উপস্থাপন করছি।

বিগত বছর অর্থাৎ ২০২১-২০২২ অর্থ বছরে আমরা ১। যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন ২। কৃষি ও সেচ ৩। মৎস্য পশু সম্পদ উন্নয়ন ৪। শিক্ষা ৫। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ৬। ক্রীড়া উন্নয়ন ৭। সংস্কৃতির বিকাশ ও ৮। সমাজ কল্যাণ মূলক প্রভৃতি ক্ষেত্রে আমাদের ক্ষুদ্র পরিসরে কিছুটা কাজ করার প্রয়াস পেয়েছি। কিন্তু উপরোক্ত ক্ষেত্রেও যে ১৭ টি বিভাগের দায়িত্ব উপজেলা পরিষদে ন্যাস্ত আছে। সেই গুলিতেও উপজেলা পরিষদের অবগতির বাইরে আলাদাভাবে কাজ করে চলছে। সেবা ও উন্নয়ন মূলক কাজে আমাদের সম্পূর্ণ কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত থোক বরাদ্দের উপর নির্ভর করতে হয়। কেননা আমাদের উপজেলার রাজস্ব আয় অত্যন্ত সীমিত। কেবল মাত্র বাড়ী ভাড়া, হাট বাজার ইজারালব্ধ অর্থের ৪১% এবং বিভিন্ন করের উপর আমদের রাজস্ব আয় নির্ভরশীল এবং এই রাজস্ব আয়ের প্রায় সম্পুর্ণই দায়মুক্ত ব্যয় নির্বাহ করতে খরচ হয়ে যায়।

২০২১-২০২২ অর্থ বছরে নিম্নবর্ণিত খাত সমুহে সরকার থেকে যে বরাদ্ধ পাওয়া গিয়েছে তার বিবরণ সংক্ষেপে নিম্নে দেয়া হলো

| ক্রঃনং | খাত | বরাদ্দ (টাকায়) সংশোধিত | বরাদ্দ (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | |
| ক. | কাবিটা/কাবিখা সাধারণ (প্রথম/দ্বিতীয়/তৃতীয়) | ১,৫৫,৬৭,৯২৩.৫৮ | ১,৬৮,৯০,২৪১.০০ | |
| | কাবিটা/কাবিখা সংসদীয় (প্রথম/দ্বিতীয়/তৃতীয়) | ১,১৩,২৮,৬৭৩.৯৬ | ১,৩৪,৫০,২০১.০০ | |
| খ. | টি.আর সাধারণ (১ম/২য়/৩য়/৪র্থ) | ১,২৭,২১,৯৪১.৫৭ | ৯৬,২৬,৯৯১.০০ | |
| | টি.আর সংসদীয় (১ম/২য়/৩য়/৪র্থ) | ৯৩,১৪,১৬৬.০০ | ৮৬,৪৯,৬১৪.০০ | |
| গ. | ই.জি.পি.পি (প্রথম ও দ্বিতীয়) | ৬,৫৩,৬৮,০০০.০০ | - | |
| | মোট | ১১,৪৩,০০,৭০৫.১১ | ৪,৮৬,১৭,০৪৭.০০ | |

তাছাড়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)", সিলেট জেলার মধ্যে গোয়াইনঘাট উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। উক্ত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় অত্র গোয়াইনঘাট উপজেলায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্ধ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে মর্মে জ্ঞাপন করা হয়েছে।

গোয়াইনঘাট উপজেলা পরিষদ উপজেলার জনগণের সেবা ও উন্নয়নের লক্ষ্যে আরও অধিক কাজ করার প্রত্যয়ে উপজেলা রাজস্ব তহবিল বৃদ্ধির নতুন নতুন পথ উদ্ভাবনের প্রচেষ্টা চালাবো। আমরা আশা করব আমাদের কাজ করার সুযোগ দানের জন্য সরকার আমাদের থোক বরাদ্দের পরিমান আরও বৃদ্ধি করবেন। আমরা সবাই মিলে আগামী অর্থ বছরে আমাদের উপজেলা বাসীকে আরো বেশী সেবা প্রদানে আন্তরিকভাবে কাজ করি। এ প্রতিশ্রুতি ও প্রত্যাশা ব্যক্ত করে আমি এখন বাজেট আয় ব্যয় সম্বলিত হিসাব বিবরণী পাঠ করছি।

Ahmed 22/05/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।

ফরম-ক
(বিধি-৩ দ্রষ্টব্য)
২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট সার-রংক্ষেপ

| | বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত | চলতি বৎসরের বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
|---|---|---|---|---|
| | | **২০২০-২০২১ অর্থ বছর** | **২০২১-২০২২ অর্থ বছর** | **২০২২-২০২৩ অর্থ বছর** |
| অংশ-১ | রাজস্ব হিসাব প্রাপ্তি<br>(ক) রাজস্ব<br>অনুদান | ৬০০০০০০ | ৫০০০০০ | ১৭০০০০০ |
| | মোট (ক) | ৬০০০০০০ | ৫০০০০০ | ১৭০০০০০ |
| | বাদ রাজস্ব ব্যয় | ৫৭৭৭১২০ | ৫০০০০০ | ১৭০০০০০ |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি | ২২২৮৮০ | ০ | ০ |
| অংশ-২ | উন্নয়ন হিসাব<br>উন্নয়ন অনুদান | ১২৭২৩০০০ | ১৩৪৭৭০০০ | ৯৭০০০০০ |
| | অন্যান্য উন্নয়ন ও চাঁদা | ০ | ০ | ০ |
| | মোট (খ) | ১২৭২৩০০০ | ১৩৪৭৭০০০ | ৯৭০০০০০ |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ১৮৭২৩০০০ | ১৩৯৭৭০০০ | ১১৪০০০০০ |
| | বাদ উন্নয়ন ব্যয় | ১২৭২২৭০৩ | ১৩৪৭৪৩৬৩ | ১১৪০০০০০ |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | ২৯৭ | ২৬৩৭ | ০ |
| | মোট প্রারম্ভিক জের (১লা জুলাই) | ২৯৭ | ২৬৩৭ | ০ |
| | সমাপ্তি জের | ০০ | ০০ | ০০ |

Ahmed 22/06/22ইং
(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।

ফরম-খ
(বিধি ৩ এবং আইনের ৪র্থ তফসিল দ্রষ্টব্য)
গোয়াইনগাট উপজেলা পরিষদের বাজেট
অর্থ বছর ২০২২-২০২৩

রাজস্ব হিসাব
প্রাপ্ত আয়
অংশ -১

| আয় | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত | চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বছরের বাজেট |
| | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। উপজেলা পরিষদের হাট বাজার খাত হতে আয়ের ৪১% অর্থ রাজস্ব প্রাপ্তি | ১৯১৪০০৫ | ২৪৮১৯৩৮ | ২৬০৬০০০ |
| ২। উপজেলা পরিষদের আওতায় গোয়াইনঘাট বাজার লঞ্চঘাটের দোকান ভাড়া | ২১৫২৮ | ২৩৩২২ | ২৫০০০ |
| ৩। উপজেলা পরিষদের বাসাবাড়ী খাত হতে প্রাপ্ত আয় | ৭২০৫০০ | ১৩১৯০০০ | ১৫০০০০০ |
| ৪। উপজেলা পরিষদের পুকুর হতে আয় | ০ | ০ | ১০০০০০ |
| ৫। উপজেলা পরিষদের রেস্ট হাউজ হতে আয় | ০ | ০ | ০ |
| ৬। উপজেলা পরিষদের বিভিন্ন সিডিউল বিক্রয় হতে আয় | ০ | ৬৯০০০ | ৮০০০০ |
| ৭। উপজেলা পরিষদের আওতায় হাট বাজার উন্নয়ন তহবিলে (হাট বাজার হতে আয়ের ২৫%) অর্থ প্রাপ্তি | ১১৬৭০৭৬ | ১৫১৩৩৭৭ | ১৫৮৯০০০ |
| ৮। যাত্রী ছাউনী ইজারা হতে আয় | ০ | ০ | ০ |
| ৯। ভুমি হস্তান্তর করের ১% | ৫০০০০০০ | ৬৩৩০১১৫.০৭ | ৬৫০০০০০ |
| ১০। ভুমি উন্নয়ন করের ২% | ৩২২৫২৫ | ১৩৪৪৯৪৫ | ১৫০০০০০ |
| ১১। উপজেলা পরিষদের বিবিধ ট্যাক্স মহাল | ৫২০৪০০ | ০ | ০ |
| সর্বমোট | ৯৬,৬৬,০৩৪.০০ | ১,৩০,৭২,৬৯৭.০৭ | ১,৩৯,০০,০০০.০০ |

Ahmed 22/6/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।

অংশ-১

রাজস্ব হিসাব

| ব্যয়ের খাত | | | |
|---|---|---|---|
| ব্যয়ের খাত | পূর্ববর্তী বছরের প্রকৃত | চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বছরের বাজেট |
| | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। সাধারণ সংস্থাপন/প্রাতিষ্ঠানিক<br>ক) সম্মানী/ভাতা | ১১২৮০০০ | ১১২৮০০০ | ১১২৮০০০ |
| খ) বাড়ী ভাড়া ভাতা | ৬০০০০ | ৬০০০০ | ৬০০০০ |
| গ) ভ্রমন ভাতা | ৩০০০০০ | ৩২২২৬১ | ৩৫০০০০ |
| ঘ) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা<br>১) পরিষদ কর্মচারী | ২৪০০০০ | ১৪২৪৮০ | ১৫০০০০ |
| ২। অন্যান্য কর্মচারী সংক্রান্ত ব্যয় | ১৬০০০০০ | ২৪৮১৯৩৮ | ২৬০৬০৩৪ |
| ৩। দায়মুক্ত ব্যয় সরকারী কর্মচারী সম্পর্কিত | ০ | ০ | ০ |
| ঙ) অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয় | ১৫০০০০ | ০ | ০ |
| চ) আনুতোষিক তহবিলের স্থানান্তর | ০ | ০ | ০ |
| ছ) যানবাহন মেরামত ও জ্বালানী | ১০০০০০ | ৪৬৮৮৩৭ | ৫০০০০০ |
| ২। কর আদায়ের জন্য ব্যয় | ০ | ০ | ০ |
| ৩। অন্যান্য ব্যয়/ টেন্ডার বিজ্ঞপ্তি সংক্রান্ত | ০ | ১১৭৪৮২ | ১৫০০০০ |
| ক) টেলিফোন | ২০০০০ | ৫৮৯৫ | ১০০০০ |
| খ) বিদ্যুৎ বিল | ২০০০০০ | ৫০২৬৯৬ | ৭০০০০০ |
| গ) পৌরকর | ০ | ০ | ০ |
| ঘ) গ্যাস বিল | ০ | ০ | ০ |
| ঙ) পানির বিল | ০ | ০ | ০ |
| চ) ভূমি উন্নয়ন কর | ৯৬৩০ | ৩১৩২৯ | ৩৫০০০ |
| ছ) আভ্যন্তরীন অডিট ব্যয় | ১০০০০ | ০ | ০ |
| জ) আপ্যায়ন খরচ | ৩৬০০০০ | ৩৬০০০০ | ৩৬০০০০ |
| ঝ) বাসাবাড়ী মেরামত/রক্ষনাবেক্ষণ ও রংকরণ | ১০০০০০০ | ৮৭৫২৭২ | ১০০০০০০ |
| ঞ) আনুষাঙ্গিক ব্যয় | ৬০০০০ | ১১০০০০ | ১৫০০০০ |
| ট) অফিস সরঞ্জামাদি ক্রয়/রক্ষনাবেক্ষণ | ৫০০০০ | ৩০০০০০ | ৩০০০০০ |
| ঠ) আসবাবপত্র সংগ্রহ/মেরামত | ১৫০০০০ | ৩০০০০০ | ৩০০০০০ |
| ৫। বৃক্ষ রোপণ ও রক্ষণাবেক্ষণ | ১০০০০ | ০ | ১০০০০০ |
| ৬। সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান<br>ক) উপজেলা এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/ক্লাবে আর্থিক অনুদান | ১০০০০০ | ০ | ১০০০০০ |
| ৭। জাতীয় দিবস উদযাপন ও অন্যান্য | ১০০০০০ | ৩৫৪২৮৫ | ১০০০০০ |
| ৮। খেলাধুলা ও সংস্কৃতি | ০ | ০ | ১০০০০০ |
| ৯। অপ্রত্যাশিত/ জরুরী ত্রাণ | ১০০০০০ | ৭০০০০০ | ৭০০০০০ |
| ১০। বর্জ্য ব্যবস্থাপনা | ০ | ৮০৫০০ | ১০০০০০ |
| ১১। বাসাবাড়ি (আনসার সেড) | ০ | ৮০০০০০ | ৮০০০০০ |
| ১২। বিআরডিবি জোড়াবাড়ি স্থানান্তর | ০ | ১০০০০০০ | ১০০০০০০ |
| ১৩। মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন কে গৃহ প্রদান | ০ | ১৭৫০০০ | ১৭৫০০০ |
| ১৫। পানির পাম্প মেরামত ও রক্ষণাবেক্ষণ | ০ | ৭৪১৭২ | ৭৪১৭২ |
| ১১। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসাবে স্থানান্তর | ৫০০০০০০ | ৫০০০০০ | ২৫০০০০০ |
| মোট ব্যয় (রাজস্ব হিসাব) | ১,০৭,৪৭,৬৩০.০০ | ১,০৮,৯০,১৪৭.০০ | ১,৩৫,৪৮,২০৬.০০ |

Ahmed 22/06/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট

অংশ-২

উন্নয়ন হিসাব

**প্রাপ্তি**

| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত | চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বছরের বাজেট |
|---|---|---|---|
| | **২০২০-২০২১** | **২০২১-২০২২** | **২০২২-২০২৩** |
| ১। অনুদান (উন্নয়ন) | | | |
| ক) সরকার | ১৪৯৬৮০০০ | ১৩৪৭৭০০০ | ৯৭০০০০০ |
| খ) অন্যান্য উৎস (যদি থাকে, নির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে) | ০ | ০ | ০ |
| খ (১) UGDP হতে প্রাপ্ত বরাদ্দ | ৫০০০০০০ | ৬০০০০০০ | ৫০০০০০০ |
| খ (২) বাসাবাড়ী মেরামত ও সংস্কার বাবদ থোক বরাদ্দ | ৪৫০০০০০ | ০ | ৫০০০০০০ |
| ২। স্বেচ্ছা প্রণোদিত চাঁদা | ০ | ০ | ০ |
| ৩। রাজস্ব উদ্বৃত্ত | ৬০০০০০০ | ৫০০০০০ | ১৭০০০০০ |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | ৩,০৪,৬৮,০০০.০০ | ১,৯৯,৭৭,০০০.০০ | ২,১৪,০০,০০০.০০ |

Ahmed 22/6/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।

অংশ-২

উন্নয়ন হিসাব

ব্যয়

| ব্যয় বিবরণ | পূর্ববর্তী বছরের প্রকৃত | চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বছরের বাজেট |
|---|---|---|---|
| | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ |
| ১ | ৩ | | |
| ১। কৃষি ও সেচ | ২০৯৬৮০০ | ১৩৯৭৭০০ | ১১৪০০০০ |
| ২। শিল্প ও কুটির শিল্প | ১০৪৮৪০০ | ৬৯৮৮৫০ | ৫৭০০০০ |
| ৩। ভৌত অবকাঠামো (যোগাযোগ) | ২৫১৬১৬০ | ১৬৭৭২৪০ | ১৩৬৮০০০ |
| ৪। বস্তুগত অবকাঠামো | ১৪৬৭৭৬০ | ৯৭৮৩৯০ | ৭৯৮০০০ |
| ৫। ক্রীড়া ও সংস্কৃতি | ১০৪৮৪০০ | ৬৯৮৮৫০ | ৫৭০০০০ |
| ৬। বিবিধ (প্রয়োজনে অন্যান্য খাতের এইরুপ ব্যয় উল্লেখ করিতে হইবে) | ২০৯৬৮০ | ১৩৯৭৭০ | ১১৪০০০ |
| ইউজিডিপি'র আওতায় অবকাঠামোমূলক প্রকল্প | ৪০০০০০০ | ৫০০০০০০ | ৪০০০০০০ |
| ইউজিডিপি'র আওতায় সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য | ১০০০০০০ | ১০০০০০০ | ১০০০০০০ |
| উপজেলা পরিষদের বাসাবাড়ী সংস্কার ও মেরামত | ৪৫০০০০০ | ০ | ৫০০০০০০ |
| ৭। সেবা | ৪১৯৩৬০ | ২৭৯৫৪০ | ২২৮০০০ |
| ৮। শিক্ষা উন্নয়ন (ইউজিডিপি'র আওতায় অবকাঠামোমূলক প্রকল্পসহ) | ৩১৪৫২০০ | ২০৯৬৫৫০ | ১৭১০০০০ |
| ৯। স্বাস্থ্য | ৩১৪৫২০০ | ২০৯৬৫৫০ | ১৭১০০০০ |
| ১০। দারিদ্র্যহ্রাসকরণঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা | ৪১৯৩৬০ | ২৭৯৫৪০ | ২২৮০০০ |
| ১১। পল্লী উন্নয়ন ও সমবায় | ৪১৯৩৬০ | ২৭৯৫৪০ | ২২৮০০০ |
| ১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন | ৬২৯০৪০ | ৪১৯৩১০ | ৩৪২০০০ |
| ১৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ | ১০৪৮৪০০ | ৬৯৮৮৫০ | ৫৭০০০০ |
| ১৪। গৃহ নির্মাণ ও বস্তুগত পরিকল্পনা | ১০৪৮৪০০ | ৬৯৮৮৫০ | ৫৭০০০০ |
| ১৫। জনস্বাস্থ্য (পানীয় ও স্বাস্থ্য সম্মত পায়খানা) | ২০৯৬৮০০ | ১৩৯৭৭০০ | ১১৪০০০০ |
| ১৫। বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম তদারকী (উপজেলা প্রকৌশলী) | ২০৯৬৮০ | ১৩৯৭৭০ | ১১৪০০০ |
| ১৬। সমাপ্তির জের | ০ | ০ | ০ |
| মোট ব্যয় (উন্নয়ন হিসাব) | ৩০৪৬৮০০০ | ১৯৯৭৭০০০ | ২১৪০০০০০ |

Ahmed 22/06/2022

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।

ফরম গ
(বিধি ৫ দ্রষ্টব্য)

## উপজেলা পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণী

অর্থ বৎসর ২০২১-২০২২

| বিভাগ/শাখা | ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | মহার্ঘ্য ভাতা (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| স্থানীয় সরকার বিভাগ | ১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ | জাতীয় বেতন | নাই |
| উপজেলা পরিষদ | ২ | গাড়ী চালক | ০১ | স্কেল,২০১৫ | নাই |
| গোয়াইনঘাট, সিলেট | ৩ | অফিস সহায়ক | ০২ | মোতাবেক | নাই |

| প্রদেয় ভবিষ্যত তহবিল | অন্যান্য ভাতাদি | মাসিক গড় অর্থের পরিমাণ | বাৎসরিক প্রাক্কলিত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| - | উৎসব ভাতা-<br>সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>উৎসব ভাতা -গাড়ী চালক<br>উৎসব ভাতা- অফিস সহায়ক | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | |

Ahmed 22/06/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।